



প্রদর্শনীতে সজল ঘোষের সঙ্গে এস এন মেনন। ছবি: অক্ষয় সেনগুপ্ত

সজল ঘোষের আলোকচিত্র

আজকালের প্রতিবেদন: মূহূর্তকে লেঙ্গে বন্দী করেছেন তিনি! সাদা-কালো, লাল-নীল জীবনের কোন রঙই বাদ যায়নি। কুমারটুলি থেকে কেনিয়ার মাসাইমারা অরণ্যের উপজাতি, পশু, পাখি— কী নেই! সেই সব ছবি থেকে বাছাই করা ৬০ টি নিয়ে প্রদর্শনী, 'এক্সপ্লেসনস অফ ক্যানভাস'। মঙ্গলবার থেকে বিড়লা আকাদেমি অফ আর্ট অ্যান্ড কালচারে শুরু হল সজল ঘোষের প্রথম আলোকচিত্র প্রদর্শনী। চলবে ১৯ জুন পর্যন্ত, দুপুর তিনটে থেকে রাত আটটা। প্রদর্শনীর উদ্বোধন করেন ভারত সরকারের প্রাক্তন বাণিজ্য সচিব এস এন মেনন।